মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সরকারি পরিবহন পুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।
(আইসিটি শাখা)
www.molwa.gov.bd

বিষয়: মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ২০১৭-১৮ অর্থবছরের আগস্ট,২০১৭ মাসের বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি : শেখ মিজানুর রহমান, অতিরিক্ত সচিব (প্রশাসন)
সভার তারিখ : ১২/০৯/২০১৭ খ্রিঃ
সভার সময় : দুপুর- ১২:০০ টা
স্থান : সভাকক্ষ, (৬ষ্ঠ তলা, কক্ষ নং-৬০৫)
উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য যুগ্মসচিব (আইসিটি) ও কমিটির সদস্য সচিব-কে অনুরোধ জানান। কমিটির সদস্য সচিব আলোচ্যসূচি অনুযায়ী সভার শুরুতেই বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। বিগত কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা সংযোজন না থাকায় তা সর্ব সম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।অতঃপর সভার অন্যান্য আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র: নং:	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১।	মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ২০১৭-১৮ এর আগস্ট,২০১৭ মাসের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ও ২০১৭-১৮ এপিএ-এর লক্ষ্যমাত্রা / নির্ণায়ক সংশোধন সম্পর্কে আলোচনা	১.১: (ক) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ২০১৭-১৮ এর আগস্ট,২০১৭ বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে সংশ্লিষ্ট শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন আইসিটি শাখায় প্রেরণ না করায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয় এবং প্রতি মাসের প্রথম সপ্তাহের মধ্যে প্রমাণকসহ পূর্ণাঙ্গ প্রতিবেদন আইসিটি শাখায় প্রেরণ নিশ্চিত করার জন্য পুনরায় অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। (খ) এপিএ ২০১৭-১৮ এর পরবর্তী মাসিক ও ত্রৈমাসিক প্রতিবেদন পরবর্তী মাসের প্রথম সপ্তাহের মধ্যে আইসিটি শাখায় প্রেরণ নিশ্চিত করার জন্য স্ব স্ব অনুবিভাগ প্রধানগণকে অনুরোধ জানানো হয়।	১। অতিরিক্ত সচিব (উন্নয়ন), মুবিম ২। যুগ্মসচিব (গেজেট,সনদ ও প্রত্যয়ন)/ যুগ্মসচিব (উন্নয়ন), মুবিম ৩। উপ-সচিব(প্রশাসন-১/ হিসাব/গেজেট/সনদ/ প্রত্যয়ন/প্রশিক্ষণ/বাজেট) মুবিম। ৪। উপ-প্রধান, মুবিম। ৫। সিনিয়র সহকারী সচিব (প্রত্যয়ন/প্রশাসন), মুবিম
		১.২: গেজেট শাখা কর্তৃক বাস্তবায়নযোগ্য এপিএ, ২০১৭-১৮ এর [১.১১] নং ক্রমিকে বর্ণিত কার্যক্রমের অধীন [১.১১.১] ক্রমিকে কর্মসম্পাদন সূচকে বর্ণিত প্রকাশিত নারী মুক্তিযোদ্ধা গেজেট-এর লক্ষ্যমাত্রা ৫০ থেকে পরিবর্তন করে ৪৮ করার প্রস্তাব করা হয়। লক্ষ্যমাত্রা পরিবর্তনের হার ৫% এর মধ্যে হওয়ায় সভায় নতুন লক্ষ্যমাত্রার অসাধারণ কলামে ৪৮ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	
		১.৩: [১.১২] ক্রমিকে বর্ণিত কার্যক্রমের অধীন [১.১২.২] কর্মসম্পাদন সূচেক সাময়িক সনদের আবেদন নিষ্পত্তির ক্ষেত্রে উপসচিব(সনদ) সভায় জানান যে, ২০১৭-১৮ অর্থবছরের এপিএ চুক্তি অনুযায়ী আবেদন নিষ্পত্তি সংখ্যার অসাধারণ লক্ষ্যমাত্রা হিসেবে ৩,০০০ এবং [১.১২.৩] কর্মসম্পাদন সূচকে চূড়ান্ত প্রস্তুতকৃত সাময়িক সনদপত্রের সংখ্যার অসাধারণ লক্ষ্যমাত্রা হিসেবে ৬০০ নির্ধারণ করা হয়েছিল। কিন্তু জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের সিদ্ধান্ত অনুযায়ী মুক্তিযোদ্ধাদের তালিকা চূড়ান্ত করার লক্ষ্যে যাচাই বাছাই কাজ চলমান বিধায় সনদপত্রের আবেদন গ্রহণ ও চূড়ান্ত সনদপত্র ইস্যু করা সাময়িক ভাবে বন্ধ রয়েছে। তবে সাময়িক সনদপত্রের সংশোধন ও হারানো/নষ্ট হয়ে যাওয়ার ক্ষেত্রে সংশোধিত/ডুপ্লিকেট সনদপত্র ইস্যু করার কার্যক্রম চলমান রয়েছে। ফলে [১.১২.২] কর্মসম্পাদন সূচেক বর্ণিত সাময়িক সনদের আবেদন	

		নিষ্পত্তির ক্ষেত্রে অসাধারণ লক্ষ্যমাত্রা ৩০০০-এর স্থলে ১,৫০০ এবং [১.১২.৩] কর্মসম্পাদন সূচকে চূড়ান্ত প্রস্তুতকৃত সাময়িক সনদপত্রের সংখ্যার অসাধারণ লক্ষ্যমাত্রা হিসেবে ৬০০-এর স্থলে ৪৫০ নির্ধারণ করার জন্য প্রস্তাব উত্থাপন করেন। বিস্তারিত আলোচনান্তে বর্ণিত লক্ষ্যমাত্রার পরিবর্তন ৫% এর বেশি হওয়ায় তা বার্ষিক কর্মসম্পাদন সংক্রান্ত জাতীয় কমিটির সভায় বিবেচনার নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগে পত্র প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	
		১.৪: পরিকল্পনা শাখা কর্তৃক বাস্তবায়নযোগ্য এপিএ, ২০১৭-১৮ অর্থবছরের [১.৭] নং ক্রমিকে বর্ণিত কার্যক্রমের ভূমিহীন ও অসচ্ছল মুক্তিযোদ্ধার জন্য বাসস্থান নির্মানের [১.৭.১] ক্রমিকে কর্মসম্পাদন সূচকের লক্ষ্যমাত্রা ২৫০ থেকে পরিবর্তন করে ২৩৮ করার প্রস্তাব করা হয়। লক্ষ্যমাত্রা পরিবর্তনের হার ৫% এর মধ্যে হওয়ায় সভায় নতুন অসাধারণ লক্ষ্যমাত্রা ২৩৮ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। অতিরিক্ত সচিব (উন্নয়ন), মুবিম ২। যুগ্মসচিব (উন্নয়ন)/(আইসিটি) মুবিম ৩। উপ-প্রধান, মুবিম
		১.৫: পরিকল্পনা শাখা কর্তৃক বাস্তবায়নযোগ্য এপিএ, ২০১৭-১৮ এর [১.৮] কার্যক্রমের অধীন [১.৮.১] ক্রমিকের কর্মসম্পাদন সূচকে বর্ণিত নির্মিত জেলা কমপ্লেক্স ভবনের সংখ্যার লক্ষ্যমাত্রা ১৩ থেকে পরিবর্তন করে ১২ করার এবং [১.৮.২] নং কর্মসম্পাদন সূচকে বর্ণিত নির্মিত উপজেলা কমপ্লেক্স ভবনের সংখ্যার লক্ষ্যমাত্রা ৬০ এর পরিবর্তে ৫৭ করার প্রস্তাব করা হয়। লক্ষ্যমাত্রা পরিবর্তনের হার ৫% এর মধ্যে হওয়ায় সভায় নতুন অসাধারণ লক্ষ্যমাত্রা [১.৮.১] ক্রমিকের কর্মসম্পাদন সূচকের ক্ষেত্রে ১২ এবং [১.৮.২] নং ক্রমিকের কর্মসম্পাদন সূচকের ক্ষেত্রে ৫৭ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	
		১.৬: সভায় সদস্য সচিব জানান যে, [১.৬] ক্রমিকে কার্যক্রমে মুক্তিযোদ্ধা ও তাদের সন্তান-সন্ততিদের ক্ষুদ্রঋণ প্রদান সংক্রান্ত প্রতিবেদন যথা সময়ে পাওয়া যায়না এবং মাঝে মাঝে প্রতিবেদন পাওয়া গেলেও তা যথাযথ হয় না। এ বিষয়ে উপসচিব (বাজেট)-এর দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি ক্ষুদ্রঋণ বিআরডিবির মাধ্যমে বিতরণ করা হয়ে থাকে বিধায় উক্ত সংস্থার একজন প্রতিনিধিকে সভায় সদস্য করার জন্য অনুরোধ জানান। সভায় এ বিষয়ে আলোচনান্তে পরবর্তী এপিএ সভা হতে বিআরডিবি থেকে একজন উপযুক্ত প্রতিনিধি-কে সভায় উপস্থিত থাকার জন্য নোটিশ প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	
		১.৭: বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের ২০১৭-১৮ অর্থবছরের প্রণীত এপিএ অনুযায়ী যুদ্ধাহত ও শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের রেশন সুবিধা, চিকিৎসা সুবিধা, বঙ্গবন্ধু ছাত্রবৃত্তি ও স্মার্ট আইডি কার্ড প্রদান এর কর্মসম্পাদন সূচকের লক্ষ্যমাত্রা অনুযায়ী এবং আবশ্যিক কৌশলগত কর্মসম্পাদন সূচকের লক্ষ্যমাত্রা অনুযায়ী বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট-এর দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা-কে প্রতি মাসের প্রথম সপ্তাহের মধ্যে প্রমাণকসহ অর্জন প্রতিবেদন এ মন্ত্রণালয়ের আইসিটি শাখায় প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।	১।ব্যবস্থাপনা পরিচালক, বামুকট্রা
		১.৮: জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল-এর ২০১৭-১৮ অর্থবছরের এপিএ অনুযায়ী জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল-এর দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা-কে প্রতি মাসের অগ্রগতি প্রতিবেদন মাসের প্রথম সপ্তাহের মধ্যে প্রমাণকসহ (আবশ্যিক কৌশলগত লক্ষ্যমাত্রার অগ্রগতিসহ) পূর্ণাঙ্গ প্রতিবেদন এ মন্ত্রণালয়ের আইসিটি শাখায় প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।	১। মহাপরিচালক, জামুকা
		১.৯: মুক্তিযুদ্ধ জাদুঘর-এর ২০১৭-১৮ অর্থবছরের অগ্রগতি এপিএ অনুযায়ী মুক্তিযুদ্ধ জাদুঘর-এর দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা-কে প্রতি মাসের	১। ব্যবস্থাপক, মুক্তিযুদ্ধ জাদুঘর

		অগ্রগতি প্রতিবেদন মাসের প্রথম সপ্তাহের মধ্যে প্রমাণকসহ (আবশ্যিক কৌশলগত লক্ষ্যমাত্রার অগ্রগতিসহ) পূর্ণাঙ্গ প্রতিবেদন এ মন্ত্রণালয়ের আইসিটি শাখায় প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।	
		১.১০: নির্ধারিত ছক অনুযায়ী প্রতি মাসের এপিএ অগ্রগতি প্রতিবেদন নির্দিষ্ট সময়ের মধ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের আইসিটি শাখায় ই-ফাইলিং পদ্ধতির মাধ্যমে এবং ও ই-মেইলে সফটকপি প্রেরণ নিশ্চিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া, ডাকে হার্ডকপি প্রেরণের অনুরোধ জানানো হয়।	১। সকল দপ্তর/সংস্থা প্রধান ২। সকল শাখা প্রধান, মুবিম ৩। উপ-প্রধান, মুবিম
২।	আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা	২.১: মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক আরোপিত আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ বাস্তবায়নের জন্য [১.১] ক্রমিকের কার্যক্রম মন্ত্রণালয়/বিভাগে ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন [১.১.১] ক্রমিকে কর্মসম্পাদন সূচকে ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত তথ্য কোন শাখা/অনুবিভাগ হতে পাওয়া যায়নি। [১.২] ক্রমিকে কার্যক্রম ইউনিকোড ব্যবহার নিশ্চিত করার [১.২.১] ক্রমিকে কর্মসম্পাদন সূচকে ইউনিকোড ব্যবহার নিশ্চিত করার কোন তথ্য কোন শাখা/দপ্তরসংস্থা থেকে পাওয়া যায়নি। [১.৩] ক্রমিকের কার্যক্রমে মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক ২০১৬-১৭ অর্থবছরের প্রণীত তালিকা অনুযায়ী সেবা চালু করার বিষয়ে [১.৩.১] ক্রমিকের কর্মসম্পাদন সূচকে ন্যূনতম দুটি অনলাইন সেবা চালুকৃত করার কোন তথ্য সংশ্লিষ্ট শাখা হতে পাওয়া যায়নি। [১.৪] ক্রমিকের কার্যক্রম মন্ত্রণালয়/বিভাগে কর্তৃক উদ্ভাবনী উদ্যোগ ও Small Improvement Project (SIP) বাস্তবায়নের অধীন [১.৪.১] ক্রমিকের কর্মসম্পাদন সূচকে উদ্ভাবনী উদ্যোগ ও SIP সমূহের ডাটাবেস প্রস্তুত ও [১.৪.২] নং ক্রমিকে উদ্ভাবনী উদ্যোগ ও SIPরেপ্লিকেটেড কোন তথ্য সংশ্লিষ্ট শাখা হতে পাওয়া যায়নি। [১.৫] নং ক্রমিকের কার্যক্রম [১.৫.১] নং ক্রমিকের কর্মসম্পাদন সূচকে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু সম্পর্কে কোন তথ্য শাখা/অনুবিভাগ হতে পাওয়া যায়নি। [১.৬] ক্রমিকের কার্যক্রম অংশে [১.৬.১] ক্রমিকের কর্মসম্পাদন সূচকের তালিকা অনুযায়ী বিনষ্টকৃত নথি ও [১.৬.২] ক্রমিকে বর্ণিত শাখায় বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণীত তথ্য মন্ত্রণালয়ের কোন শাখা/অনুবিভাগ হতে পাওয়া যায়নি। [১.৭] ক্রমিকের কার্যক্রম অধীন [১.৭.১] ক্রমিকের কর্মসম্পাদন সূচকে সিটিজেনস চার্টার বাস্তবায়ন সংক্রান্ত পরিবীক্ষণ ব্যবস্থা চালু সংক্রান্ত তথ্য মন্ত্রণালয়ের কোন শাখা/অনুবিভাগ হতে পাওয়া যায়নি। সংশ্লিষ্ট তথ্যসমূহ মাস শেষে পরের মাসের ১ম সপ্তাহের মধ্যে প্রেরণ নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। ২.২: মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক আরোপিত আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ বাস্তবায়নের জন্য [৩.১] ক্রমিকের কার্যক্রম অধীন [৩.১.১] ক্রমিকে বছরের অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত তথ্য সংশ্লিষ্ট শাখা/অনুবিভাগ হতে পাওয়া যায়নি। [৩.২] ক্রমিকের কার্যক্রম অধীন [৩.২.১] ক্রমিকে স্থাবর সম্পত্তি হালনাগাদ তালিকা ও [৩.২.২] ক্রমিকে অবস্থাবর সম্পত্তি হালনাগাদ তালিকা সংক্রান্ত কোন তথ্য প্রশাসন শাখা হতে পাওয়া যায়নি। [৩.৩] ক্রমিকের কার্যক্রম অধীন [৩.৩.১] ক্রমিকে কল্যাণ কর্মকর্তা নিয়োগ ও ওয়েবসাইটে প্রকাশ করার জন্য প্রশাসন শাখা হতে রিকুইজশন পাওয়া যায়নি এবং কল্যাণ কর্মকর্তার নিয়োগ আদেশ ওয়েবসাইটে প্রকাশ করার জন্য ১৫-১০-২০১৭ তারিখে মধ্যে প্রমাণকসহ প্রেরণ করার বিষয়ে নির্দেশনা থাকলেও কোন তথ্য প্রশাসন	১। মহাপরিচালক, জামুকা ২। ব্যবস্থাপনা পরিচালক, বামুকট্রা ৩। সকল অনুবিভাগ প্রধান, মুবিম ৪। সকল শাখা প্রধান, মুবিম ৫। উপ-প্রধান, মুবিম